দৈনিক সংবাদ

তারিখ
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# আইবিএ'র পরিচালক পদে নিয়োগ নিয়ে তোলপাড়

রাজশাহী থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের (আইবিএ) পরিচালক পদে 'স্বাধীনতা ও মুক্তিযুদ্ধবিরোধী' এক শিক্ষককে নিয়োগ দেয়ায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ে তোলপাড় শুরু হয়েছে। প্রগতিশীল শিক্ষক, কর্মকর্তা, ছাত্রছাত্রী ও রাজনৈতিক মহলে সৃষ্টি হয়েছে তীব্র প্রতিক্রিয়ার। বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন অবিলম্বে এ নিয়োগ বাতিলের দাবি জানিয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক নাসিম আনজুমকে গত ২৪শে এপ্রিল আইবিএর পরিচালক পদে নিয়োগ দেন।

জানা যায়, ড. নাসিম আনজুম '৭১-এ রানীবাজারস্থ কুণ্ডেশ্বরী ঔষধালয় লুটকরাসহ পাকবাহিনীকে সহযোগিতা করেছিলেন। রাজশাহীর অনেক প্রত্যক্ষদর্শীর বিবরণ থেকে এ তথ্য জানা গেছে। '৭১-এ লুটকরাসহ বিতর্কিত ভূমিকার কারণে তাকে ছাত্র ইউনিয়ন থেকে বহিষ্কার করা হয় '৭২ সালে। একই কারণে রা. বি. শিক্ষক সমিতিসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বডির নির্বাচনে আওয়ামী বাম সমর্থিত হলুদ পানেল থেকে প্রার্থী হলেও নাসিম আনজুম হেরে যান বলে জানা গেছে। একমাত্র ড. আনজুম ছাড়া পুরো প্যানেলের প্রার্থীরাই জয়লাভ করতেন।

এদিকে আইবিএর পরিচালক পদে ড. নাসিম আনজুমকে নিয়োগ করায় তীব্র নিন্দা, ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে তা বাতিলের দাবি জানিয়ে পৃথক বিবৃতি দিয়েছেন সম্মিলিত সাংস্কৃতিক জোট রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সভাপতি এসএম আবুবকর, অনুশীলন নাট্যদলের জনসংযোগ সম্পাদক মোস্তফা নকীব আহসান, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের সভাপতি ড. পিএম সফিকুল ইসলাম, আবহমান সাংস্কৃতিক গোষ্ঠীর সাধারণ সম্পাদক প্রবীর মৈত্র ছোটনসহ বিভিন্ন সংগঠন।

অধ্যাপক ড. নাসিম মুক্তিযুদ্ধবিরোধী কোন ভূমিকার কথা অস্বীকার করে বলেছেন, কুণ্ডেশ্বরী ঔষধালয় লুটের সঙ্গেও তার জড়িত থাকার কথা ঠিক নয়।